



তীব্র দাবদাহে মাছচাষীদের করণীয়

অতিরিক্ত তাপদাহে

- ➔ পানিতে অক্সিজেন দ্রবীভূত থাকার পরিমাণ হ্রাস পায়;
- ➔ অক্সিজেন সংকট দেখা দেয়;
- ➔ প্রাকৃতিক খাদ্য উৎপাদন ব্যাহত হয়;
- ➔ পরিবেশগত পীড়ন তৈরি হয়;
- ➔ মাছ ভেসে ওঠে এবং মারা যায়।

মাছচাষে আদর্শ তাপমাত্রা
২৫-৩০ ডিগ্রী সেলসিয়াস

দুঃসময়ের জন্য অক্সিজেন
ট্যাবলেট/পাউডার সংগ্রহে রাখুন

খাদ্য প্রয়োগে সচেতন হউন
এবং সতর্কতা অবলম্বন করুন

বর্তমানে তাপমাত্রার
অন্যতম প্রধান বৈশিষ্ট্য
হলো শীতকালে তাপমাত্রার
নিম্নগতি এবং গ্রীষ্মকালে
উর্ধগতি।

তাই, পুকুরে তাপমাত্রা
ধরে রাখতে গভীরতা
নূন্যতম ৮-১০ ফুট
নিশ্চিত করুন।

“উত্তম ব্যবস্থাপনাই টেকসই উৎপাদনের পূর্বশর্ত”

করণীয় : ভৌত কার্যাবলী

- ✓ অগভীর জলাশয়ের গভীরতা বৃদ্ধি করুন;
- ✓ পানির গভীরতা নূন্যতম ৮-১০ ফুট নিশ্চিত করুন;
- ✓ প্রয়োজনে পানি সরবরাহ ব্যবস্থা নিশ্চিত করুন;

করণীয় : মাছচাষকালীন

- ✓ অতিরিক্ত মজুদ ঘনত্ব কমিয়ে ফেলুন;
- ✓ পানিতে পরিমিত মাত্রায় প্রাকৃতিক খাদ্য নিশ্চিত করুন;
- ✓ সম্পূরক খাদ্য প্রয়োগ হার অর্ধেক কমিয়ে ফেলুন;
- ✓ বাতাসে আর্দ্রতার পরিমাণ বৃদ্ধি পেলে বা নিম্নচাপ তৈরি হলে খাদ্য প্রয়োগ বন্ধ করুন।

করণীয় : প্রতিকারমূলক ব্যবস্থা

- ✓ সকালে মাছ ভাসলে প্রতি শতকে ৩০০ গ্রাম হারে পাথুরে চুন প্রয়োগ করুন;
- ✓ দুপুরে মাছ ভাসলে প্রতি শতকে ৩০০ গ্রাম হারে লবন প্রয়োগ করুন;
- ✓ প্রয়োজনে শতাংশ প্রতি ১ ফুট পানিতে ১টি অক্সিজেন ট্যাবলেট প্রয়োগ করুন;
- ✓ প্রয়োজনে বর্নাকারে পানি প্রবেশ করান অথবা
- ✓ স্থায়ী সমাধানে পুকুরে এরোটর স্থাপন করুন।



মৎস্য অধিদপ্তর, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ

